



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

www.iau.edu.bd

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/কা.গ.ব/ম-০৭/২০১৫/৪০০

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৬ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: অডিট কমিটি গঠন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: ১। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলপুর, ময়মনসিংহ এর ০৯/১১/২০২৫ খ্রি. তারিখের ০৫.৪৫.৬১০০.০২৩.০৬.০০৭.২৫-৫৪, নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: জয়নুল আবেদীন, অধ্যক্ষ, ফুলপুর কাজিয়াকান্দা কামিল মাদ্রাসা, ফুলপুর, ময়মনসিংহ এর বিরুদ্ধে অভিযোগের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এর অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এ গোপনীয় শাখা কর্তৃক তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হলে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক গঠিত তদন্ত কমিটি সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি বরাবর দাখিল করেন। দাখিলকৃত প্রতিবেদনটি অতিরিক্ত জেলা প্রশাসক, (শিক্ষা ও আইসিটি) বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করেন। উক্ত প্রতিবেদনে অধ্যক্ষের বিরুদ্ধে আনীত গুরুতর আর্থিক অনিয়মের অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং তার জবাবের আলোকে প্রয়োজনীয় অডিট নিরীক্ষার মাধ্যমে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান।

এমতাবস্থায়, মাদরাসার যাবতীয় আয়-ব্যয় এবং আর্থিক অনিয়মের বিষয়ে অডিট কমিটি গঠন পূর্বক কমিটির প্রতিবেদনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বিশ্ববিদ্যালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে আপনাকে অনুরোধ করা হলো।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

(ফাহাদ আহম্মদ মোমতাজী)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

মোবাইল: ০১৭০৫-৪০৮০০১

মেইল: iaregistr@gmail.com

প্রাপক

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ

ও

সভাপতি

ফুলপুর কাজিয়াকান্দা কামিল মাদরাসা

উপজেলা: ফুলপুর, জেলা: ময়মনসিংহ।

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/কা.গ.ব/স-০১/২০১৭/৪০০ (৩)

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৬ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অধ্যক্ষ, ফুলপুর কাজিয়াকান্দা কামিল মাদরাসা, ফুলপুর, ময়মনসিংহ।
২. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (মাননীয় ভাইস চ্যান্সেলরের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. আই.সি.টি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. সংশ্লিষ্ট নথি।

(বেনায়েত হোসেন)

সহকারী রেজিস্ট্রার

মোবাইল: ০১৬১৮-৭৬০০০২